মন্ত্রিপরিষদ বিভাগের জানুয়ারি ২০২৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: জানুয়ারি ২০২৬ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১ মার্চ ২০২৬

(১) প্রশাসনিক:

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪১৭	২৮৫	১৩২
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,০৯৮	১,১৭২	৯২৬
মোট	২,৫১৫	১,৪৫৭	১,০৫৮

ক.২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	২৯	১৬	৫৩	৩৪	১৩২
দুর্নীতি দমন কমিশন	-	-	২৯৯	২১৬	২৯০	১২১	৯২৬
মোট	-	-	৩২৮	২৩২	৩৪৩	১৫৫	১,০৫৮

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	জানুয়ারি মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	৩	-	৩	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দিন)

মন্ত্রিপরিষদ বিভাগ	মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র ও নাটোর মিনি স্টেডিয়াম পরিদর্শন উপলক্ষ্যে ১৫-১৬ জানুয়ারি ২০২৬ মেয়াদে পাবনা ও নাটোর জেলা সফর করেন।
ভ্রমণ/পরিদর্শন	২	-	
	সচিব, সমন্বয় ও সংস্কার		-
	-	-	
	অতিরিক্ত সচিব		-
	-	-	
দুর্নীতি দমন কমিশন	সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	মন্তব্য
1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised)	১৭০	৩৮.৮৩ (২২.৮৪ শতাংশ)	-
2. Social Security Policy Support Programme (2nd revised)	১,৫৬৮	১,০৬২ (৬৭.৭৩ শতাংশ)	-
3. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V)	১২৪	১৯.১৩ (১৫.৪৩ শতাংশ)	-
4.Strengthening SBCC Delivery System in Social Protection	৯০.২৬	৫.০৬ (৫.৬১ শতাংশ)	
মোট	১,৯৫২.২৬	১,১২৫.০২ (৫৭.৬৩ শতাংশ)	-

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর/কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি:

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

মন্ত্রণালয়/ সংস্থা	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১৬টি	০.৬৫	-	-	১৬টি	মন্ত্রিপরিষদ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের ২টি অডিট আপত্তি এবং বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি অডিট আপত্তিসহ সর্বমোট ১৬টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	২৫টি	২০৯.৪৩	৩টি	৩টি	২২টি	-
মোট	৪১টি	২১০.০৮	৩টি	৩টি	৩৮টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ	পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (জানুয়ারি মাসের ১ তারিখে)	জানুয়ারি মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	জানুয়ারি মাসে নিষ্পন্ন মামলার সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পন্ন মামলার সংখ্যা
			চাকরিচ্যুতি/ বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
মন্ত্রিপরিষদ বিভাগ	৩	-	১	-	-	২	১
দুর্নীতি দমন কমিশন	২২	-	-	-	১	২১	৪
মোট	২৫	-	১	-	১	২৩	৫

(৯) মানবসম্পদ উন্নয়ন:

ক. প্রতিবেদনাধীন মাসে নিজস্ব উদ্যোগে প্রশিক্ষণ আয়োজন:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	১.	মানিলন্ডারিং অনুসন্ধান ও তদন্ত সম্পর্কিত বিশেষ প্রশিক্ষণ	৪-৮ জানুয়ারি, ১১-১৫ জানুয়ারি এবং ১৮ জানুয়ারি ২০২৬	৬২ জন
	২.	দাপ্তরিক শৃঙ্খলা ও শিষ্টাচার বিষয়ক প্রশিক্ষণ	৫-৭ জানুয়ারি, ১১-১৪ জানুয়ারি, ১৯-২১ জানুয়ারি এবং ২৬-২৮ জানুয়ারি ২০২৬	৮০ জন
	৩.	ফরেনসিক একাউন্টিং বিষয়ক প্রশিক্ষণ	১৮-২২ জানুয়ারি এবং ২৫-২৯ জানুয়ারি ২০২৬	৪০ জন
	৪.	কাতারে অনুষ্ঠিত UNCAC সম্মেলনে অংশগ্রহণকারী কর্মকর্তাদের অর্জিত জ্ঞান ও লব্ধ অভিজ্ঞতা বিনিময়ের উপর Dissemination কর্মশালা	১৯ জানুয়ারি ২০২৬	২২ জন

ক.১ সরকারি কর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘণ্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত গ্রেড-৯ ও তদূর্ধ্ব কর্মকর্তাগণের অভ্যন্তরীণ প্রশিক্ষণ চলমান রয়েছে।

ক.২ প্রতিবেদনাধীন মাসে আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী আমন্ত্রিত অতিথি বক্তা/প্রশিক্ষক:

ক্রম	অতিথি বক্তা/ প্রশিক্ষক	প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণে অংশগ্রহণকারী	তারিখ
১.	ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ জাহেদ কামাল এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি মহাপরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর	অগ্নিকান্ড প্রতিরোধ ও নির্বাপণ: সচেতনতা ও করণীয়	এ বিভাগের গ্রেড-৯ ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তা	১১ জানুয়ারি ২০২৬
২.	জনাব এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব) বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি	পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫	এ বিভাগের গ্রেড-৯ ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তা	২৬ জানুয়ারি ২০২৬

খ. প্রতিবেদনাধীন মাসে অন্য প্রতিষ্ঠানে প্রশিক্ষণে অংশগ্রহণ:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/এজেন্সি	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	১.	৩৯তম Budget Management Specialist (BMS) শীর্ষক প্রশিক্ষণ	২১ ডিসেম্বর ২০২৫ হতে ১৮ জানুয়ারি ২০২৬	ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ	১ জন
	২.	Contract Management (3rd Batch) শীর্ষক প্রশিক্ষণ	১৮-২২ জানুয়ারি ২০২৬	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি	১ জন
	৩.	Data analytics and data driven decision making in office শীর্ষক অনলাইন প্রশিক্ষণ	২৩ নভেম্বর ২০২৫ হতে ২৩ জানুয়ারি ২০২৬	বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট	১ জন
দুর্নীতি দমন কমিশন		-	-	-	-

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে কর্মকালীন প্রশিক্ষণের ব্যবস্থা আছে কি না; না থাকলে কর্মকালীন প্রশিক্ষণ আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: নেই।

(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই

(১১) আইন, বিধি ও নীতি প্রণয়ন এবং উল্লেখযোগ্য কার্যাবলি:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে উপদেষ্টা পরিষদ-বৈঠক পাঁচটি, সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির চারটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির তিনটি, জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির একটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) উপদেষ্টা পরিষদ-বৈঠকে ৫৯টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে ১৭টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ৪২টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে। উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য প্রতিবেদনাধীন মাসে ৯টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ৩৯টি প্রস্তাব গৃহীত হয়েছে এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ৭টি প্রস্তাব গৃহীত হয়েছে। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় ১৫টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৪) ২০ জানুয়ারি ২০২৬ তারিখে প্রধান উপদেষ্টার সভাপতিত্বে ১১৯তম নিকার কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

(৫) ১৫ জানুয়ারি ২০২৬ তারিখে জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০৮তম সভা অনুষ্ঠিত হয়েছে।

(৬) জানুয়ারি ২০২৬ মাসে 'প্রকৌশল পেশায় বিএসসি ডিগ্রিধারী ও ডিপ্লোমাধারীদের পেশাগত দাবিসমূহের যৌক্তিকতা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশ প্রণয়নের নিমিত্ত কমিটির সময়বৃদ্ধিকরণ', 'কেন্দ্রীয় ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনা সংক্রান্ত বিষয়ের পর্যালোচনা কমিটির সময়বৃদ্ধিকরণ', 'বাংলাদেশ শ্রম (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫'-এর পরিমার্জনের লক্ষ্যে সুপারিশ প্রদান কমিটি গঠন এবং 'জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) পুনর্গঠন' করা হয়েছে।

(৭) জানুয়ারি ২০২৬ মাসে গুম সংক্রান্ত কমিশন অব ইনকোয়ারির মেয়াদ ১৫ জানুয়ারি ২০২৬ পর্যন্ত বৃদ্ধি এবং গণঅধিকার পরিষদের সভাপতি এবং ডাকসুর সাবেক ভিপি জনাব নুরুল হক নুর-এর উপর হামলা এবং গুরুতর আঘাতের ঘটনা তদন্তের জন্য গঠিত তদন্ত কমিশনের মেয়াদ ৩১ জানুয়ারি ২০২৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

(৮) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষার জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ১৩টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ১৩টি অধ্যাদেশ উপদেষ্টা পরিষদ-বৈঠকে উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়েছে।

(৯) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা Rules of Business, 1996-এর rule 3B(i) অনুযায়ী অধ্যাপক ডা. মোঃ সায়েদুর রহমানকে প্রতিমন্ত্রীর পদমর্যাদায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিশেষ সহকারী হিসেবে নিয়োগ করেন। Rules of Business, 1996-এর rule 3B(iia) অনুযায়ী তাঁকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্বাহী ক্ষমতা অর্পণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১ জানুয়ারি ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১০) জানুয়ারি ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১১টি, সরাসরি মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত ৫টি এবং পুনঃতদন্তের জন্য ৩টিসহ মোট ১৯টি অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১১) জানুয়ারি ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ২৬টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১৭টি অভিযোগ তদন্তপূর্বক প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করা হয়েছে। এ বিভাগে সরাসরি দাখিলকৃত ৭টি অভিযোগ তদন্তক্রমে প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাত করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ২টি অভিযোগ তদন্তক্রমে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।

(১২) কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত ডিসেম্বর দ্বিতীয় ও জানুয়ারি প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ মাননীয় প্রধান উপদেষ্টার সমীপে উপস্থাপন করা হয়েছে।

(১৩) ঝুঁকিপূর্ণ নির্বাচন কেন্দ্রে সিসি ক্যামেরা স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ এবং 'গণভোট ২০২৬' বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) জানুয়ারি ২০২৬ মাসে কমিশনার মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সমন্বয় সভায় ১৮টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে সকল জেলা প্রশাসকের জুম প্ল্যাটফর্মে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

(১৫) মন্ত্রণালয় ও বিভাগসমূহের কার্যাবলি সম্পর্কিত ডিসেম্বর ২০২৫ মাসের প্রতিবেদনের সারসংক্ষেপ মাননীয় প্রধান উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়েছে।

(১৬) বিভিন্ন আইনে বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত ২৮৬ জন কর্মকর্তার অনুকূলে 'মোবাইল কোর্ট আইন, ২০০৯'-এর ৫ ধারা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(১৭) তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)-এর সরবরাহ ও মূল্য পরিস্থিতি মনিটরিং এবং মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত পত্র সকল জেলা প্রশাসককে প্রেরণ করা হয়েছে।

(১৮) Grievance Redress System (GRS)-এর মাধ্যমে ১-৩১ জানুয়ারি ২০২৬ মেয়াদে পর্যন্ত মোট দাখিলকৃত অভিযোগের সংখ্যা ৪,৭১০টি এবং অভিযোগ নিষ্পত্তি হয়েছে ২,৪১৫টি, অভিযোগ নিষ্পত্তির হার ৫১.২৭ শতাংশ।

(১৯) ২৮ জানুয়ারি ২০২৬ তারিখে স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের পর বাজার সুবিধা বন্ধের চ্যালেঞ্জ মোকাবিলায় সুপারিশ প্রণয়নের লক্ষ্যে গঠিত কমিটির দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়েছে।

(২০) ২১ জানুয়ারি ২০২৬ তারিখে মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাদের নিয়ে সিভিল রেজিস্ট্রেশন অ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স (সিআরভিএস) বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।

(২১) ২১ জানুয়ারি ২০২৬ তারিখে রুটিন টিকা প্রদান কার্যক্রম শক্তিশালীকরণে ইন্টিগ্রেটেড এবং ইন্টারঅপারেবল ডেটা এক্সচেঞ্জ প্ল্যাটফর্ম বাস্তবায়নের লক্ষ্যে নীতিনির্ধারণী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(২২) ১২ জানুয়ারি ২০২৬ তারিখে বিদেশগামী শিক্ষার্থী এবং সাধারণ নাগরিকদের Apostille সংক্রান্ত কেন্দ্রীয় সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

গ. আগামী (ফেব্রুয়ারি-মার্চ ২০২৬) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) উপদেষ্টা পরিষদ-বৈঠক, জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি, উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি, প্রাক নিকার সচিব কমিটি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি এবং মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন।

(৩) উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনার জন্য ১৬টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা আয়োজন।

(৪) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০৯তম সভা আয়োজন।

নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব